



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/ ৫৬৪৮

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২১ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

গাউছিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, বাবর রোড (জহুরী মহল্লা), মোহাম্মদপুর, ঢাকা-১২০৭-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১২.০৩.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. ক্লাসের পাশাপাশি সাহিত্য সংস্কৃতি চর্চা, খেলাধুলা ও প্রতিযোগিতার ব্যবস্থা করতে হবে।
২. লাইব্রেরীতে শিক্ষক ও শিক্ষার্থীদের বই পড়ার সুযোগ থাকতে হবে।
৩. জাতীয় দিবসগুলোতে বিষয়ভিত্তিক আলোচনা ও প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
৪. শিক্ষার্থীদের সৃজনশীলতা বাড়াতে বার্ষিক সাময়িকী প্রকাশ ও শিক্ষা সফরের উদ্যোগ নিতে হবে।
৫. অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে শতভাগ আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
৬. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৭. ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
৮. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

Signature

২১.০৫.২০১৭

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

গাউছিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা

বাবর রোড (জহুরী মহল্লা), মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, গাউছিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, বাবর রোড (জহুরী মহল্লা), মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
- ৮। অফিস নথি।